# প্রতিবছর ভর্তি ফি আদায়ে প্রমাণ মিললেই ব্যবস্থা: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী মিলন। ছবি: সংগৃহীত

শিক্ষাপ্রতিষ্ঠানে প্রতি বছর ভর্তি ফি নেওয়া যাবে না—আদালতের এ নির্দেশনা অমান্য করে কেউ ভিন্ন কৌশলে অর্থ আদায় করলে তার বিরুদ্ধে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন

বুধবার (২৫ ফেব্রুয়ারি) সচিবালয়ে বৃত্তির ফল প্রকাশের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি বলেন, অভিযোগের পক্ষে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে শিক্ষা মন্ত্রণালয় কঠোর পদক্ষেপ নেবে। সাত কলেজ প্রসঙ্গে তিনি জানান, অন্তর্বর্তী সরকারের সিদ্ধান্তগুলো তড়িঘড়ি নেওয়া হয়েছে কি না, তা খতিয়ে দেখতে একটি কমিটি গঠন করা হয়েছে। বিষয়টি এখনো প্রাথমিক আলোচনার পর্যায়ে রয়েছে এবং সংশ্লিষ্ট নথিপত্র তিনি এখনও পর্যালোচনা করেননি।

এমপিওভুক্তি নিয়ে তিনি বলেন, অন্তর্বর্তী সরকার কিছু প্রাথমিক যাচাই-বাছাই করলেও এখন পর্যন্ত কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। পাশাপাশি, গত বছর স্থগিত থাকা পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষা চলতি বছরের এপ্রিলের মধ্যেই আয়োজনের পরিকল্পনা রয়েছে বলেও জানান শিক্ষামন্ত্রী।

LENS ASIA